২২/৭/২০০৩

তারিখ ........
পৃষ্ঠা ১৩ ... কলাম ... ৬ ......

# প্রথমবারের মতো বুয়েটে উপউপাচার্য নিয়োগ করা হচ্ছে

**বুয়েট রিপোর্টার ॥** বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে (বুয়েট) প্রথমবারের মতো উপউপাচার্য নিয়োগ করা হচ্ছে। দেশের অন্য সব সরকারী বিশ্ববিদ্যালয়ে এক বা একাধিক উপউপাচার্য পদ থাকলেও দেশের শীর্ষস্থানীয় বিশ্ববিদ্যালয় বুয়েটে কোন উপউপাচার্য পদ ছিল না।

বুয়েটের জন্য নতুন সৃষ্ট উপউপাচার্য পদটি সম্প্রতি জাতীয় সংসদে চূড়ান্ত অনুমোদন লাভ করে। প্রায় এক বছর আগে সরকার বুয়েটে উপউপাচার্য নিয়োগের সিদ্ধান্ত নেয় এবং মন্ত্রিপরিষদের অনুমোদন লাভ করে সংসদে প্রেরণ করা হয়।